



প্রতিদিন অঙ্গত একবার বোর্ডের
ওয়েব সাইট (www.bteb.gov.bd)
ভিজিট কার ন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭



Web site : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪০২

তারিখ : ০৭-০৪-২০১৯ খ্রিঃ

উত্তরপত্র পুনঃনিরীক্ষনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি কোর্সের (জুলাই-ডিসেম্বর ও অক্টোবর-ডিসেম্বর ২০১৮ সেশন) ২০১৮ সনের চূড়ান্ত লিখিত পরীক্ষা ১১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ শুক্রবার সকাল ১০.০০ টায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে এবং স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম ৬ মাস মেয়াদি সার্টিফিকেট-ইন-মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) (জুলাই-ডিসেম্বর ২০১৮ সেশন) পরীক্ষা ১৩-১৫ জানুয়ারি ২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত হয়। গত ০৪-০৪-২০১৯ খ্রিঃ তারিখে পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদনক্রমে ফলাফল প্রকাশ করা হলো। ফলাফল বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (Web site : www.bteb.gov.bd) পাওয়া যাবে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

যে সকল পরীক্ষার্থীদের ফলাফলে সংশোধনের জন্য অনলাইন (Online) আবেদন করবে সে সকল পরীক্ষার্থীদের আগাম ১০-০৪-২০১৯ হতে ১৬-০৪-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ডের Web site : www.bteb.gov.bd -এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষন/স্থগিত ফলাফল প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণের নির্ধারিত প্রতি বিষয় ফি ৩০০/- (তিনশত টাকা হারে) আদায়কৃত অর্থ ব্যাংক ড্রাফট/ডিডি (সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য। অন-লাইনে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই প্রতিষ্ঠানের একাধিক আবেদনকারী একটি মাত্র ডিডির মাধ্যমে আবেদন করতে পারবে অথবা এককভাবে আবেদন করতে পারবে তবে সকল প্রার্থীর ক্ষেত্রে অন-লাইনে আবেদনে সোনালী ব্যাংকের ডিডির নম্বর, শাখার নাম ও তারিখ উল্লেখ করতে হবে। অন-লাইনে প্রবেশের সময় Web page এ নিচে (Double Click) নির্দেশনাটি পড়ে নিতে হবে।

আবেদনকারি পরীক্ষার্থীর হাজিরাশীট, শিরোনাম ও টিসি/পিসি/পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি ফটোকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ১৭ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না। এখানে উল্লেখ্য যে, অনলাইন (Online) ব্যতীত উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণযোগ্য নয় এবং প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থী কর্তৃক কোন আবেদন গ্রহণ করা হবে না।

স্বাক্ষরিত

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

ফোন : ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮


স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪০২

তারিখ : ০৭-০৪-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।

৬. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. আঞ্চলিক পরিদর্শক, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
১৩. সহকারী-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৪-২১৯০ অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতমান বেসিক ৩৬০ ঘন্টা কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।
- ২১৯১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২১৯২। নথি।


(মোঃ সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭
মোবাইল : ০১৭১৫-১০৮৫৪৯, ০১৬৩২৪৮৬০৬৪